প্রথম আলো, বুধবার, ৩১ জুলাই ২০১৯, ১৬ শ্রাবণ ১৪২৬

শিক্ষাঙ্গন

এসিবিএসপির স্বীকৃতি পেল ইউআইইউ বিজনেস স্কুল

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকস বিনা শর্তে ১০ বছরের জন্য যুক্তরাষ্ট্রের অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুল অ্যান্ড প্রোগ্রামসের (এসিবিএসপি) স্বীকৃতি লাভ করেছে। ইউআইইউ স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন আবুল এইচ এম গোলাম আযম সম্প্রতি যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যের হিউস্টনে অনুষ্ঠিত এসিবিএসপির কনফারেন্সে অ্যাক্রেডিটেশন সনদ গ্রহণ করেন। এই স্বীকৃতির ফলে বাংলাদেশ থেকে বিদেশি বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফার, বিশ্বের নামীদামি বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং শিক্ষার্থীদের আন্তর্জাতিক প্রতিষ্ঠানে চাকরি প্রাপ্তি সহজতর হবে। এ ছাড়া এই অ্যাক্রেডিটেশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান প্রতিনিয়ত উন্নয়নসহ শিক্ষার্থীদের চাকরির বাজার উপযোগী করে তুলতে সহায়তা করবে। ইউআইইউ এশিয়ার রিজিয়ন-১০-এর মধ্যে অন্যতম বিশ্ববিদ্যালয়, যারা এসিবিএসপি স্বীকৃতি পেতে সব গ্র্যাজুয়েট প্রোগ্রাম পাঠদানে ৭০ ভাগ অতিরিক্ত যোগ্যতার যে বাধ্যবাধকতা রয়েছে, তার চেয়েও বেশি যোগ্যতা অর্জন করেছে। বিজ্ঞপ্তি